ঝিনাইদহে ইয়াবাসহ মাদক ব্যবসায়ী গ্রেফতার

ঝিনাইদহ র্যাব-৬ এর মাদক বিরোধী অভিযানে শৈলকুপা থানাধীন ভাটই এলাকা হতে ২২০ পিচ ইয়াবা ট্যাবলেটসহ ০১ জন মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করা হয়েছে।

র্যাবের প্রেস নোট থেকে জানা যায়, গত ০২ জানুয়ারি রাত ৪ টা ১০ মিঃ সময় গোপন সংবাদের ভিত্তিতে সিপিসি-২, র্যাব-৬ এর একটি চৌকস আভিযানিক দল স্কোয়াড কমান্ডার এএসপি এইচ. এম. শফিকুর রহমান এর নেতৃত্বে ঝিনাইদহ জেলার শৈলকুপা থানা এলাকায় মাদক বিরোধী অভিযান পরিচালনার নিমিত্তে গমন করেন।

পরবর্তীতে ০২ জানুয়ারী ২০২১ ইং তারিখ রাত ৪ টা ৫০ মিনিটে ঝিনাইদহ জেলার শৈলকুপা থানাধীন ভাটই বাজারস্থ নাসির মেশিনারীজ নামক দোকানের সামনে পাকা রাস্তার উপর অভিযান পরিচালনা করে চুয়াডাঙ্গা জেলার সদর থানার রুপছায়া হল পাড়ার মোঃ আবুল কাশেম এর ছেলে মোঃ আকবর আলী (২৬) কে ২২০ পিচ ইয়াবা ট্যাবলেটসহ গ্রেফতার করা হয়।

পরবর্তীতে উক্ত উদ্ধারকৃত আলামত ও গ্রেফতারকৃত আসামীকে ঝিনাইদহ জেলার শৈলকুপা থানায় হস্তান্তর করতঃ মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইন ২০১৮ এর ৩৬(১) সারণির ১০(ক) ধারার মামলা করা হয়।

কালীগঞ্জে প্রতিবন্ধী বিদ্যালয়ে বই বিতরণ

বিষাদময় ২০২০ নিয়েছে বিদায়। এসেছে নতুন বছর ২০২১। বছরের প্রথম দিন থেকে শিক্ষার্থীদের হাতে নতুন বই তুলে দেওয়া শুরু হয়েছে। সারা দেশের ন্যায় ঝিনাইদহের কালীগঞ্জে মোঃ আনোয়ারুল আজীম ও আলহাজ্ব বদর উদ্দিন বিশেষ চাহিদা সম্পন্ন (প্রতিবন্ধী) বিদ্যালয়ের শিক্ষার্থীদের হাতে নতুন বই তুলে দেওয়া হয়েছে।

প্রতিষ্ঠানের ৫শ শিক্ষার্থীদের মাঝে ৫ দিন যাবত এই বই বিতরণ অব্যাহত থাকবে।

গতকাল শনিবার বিদ্যালয় প্রাঙ্গণে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সহযোগিতায় ১ শত শিক্ষার্থীদের হাতে নতুন বই তুলে দেন প্রধান অতিথি দৈনিক নবচিত্র পত্রিকার সম্পাদক ও প্রকাশক আলহাজ্ব শহিদুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, প্রতিষ্ঠানের দাতা সদস্য আলহাজ্ব বদর উদ্দিন, সিনিয়র সাংবাদিক সোহেল আহম্মেদ, প্রধান শিক্ষক আজমিরা চৌধুরী, দাতা সদস্য লেখক ও কলামিস্ট আলহাজ্ব এম এ কাদেরের সভাপতিত্বে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ম্যানেজিং কমিটির অভিভাবক সদস্য স্বপ্না বেগম, শিক্ষক ও অভিভাবকবৃন্দ। করোনা মহামারীর মাঝেও সামাজিক দূরত্ব বজায় রেখে বই বিতরণ করায় খুশি শিক্ষার্থী ও অভিভাবকরা।

কালীগঞ্জে পথ-শিশুদের শিক্ষা সামগ্রী ও শীতবস্ত্র দিল রৌদ্দুর

ঝিনাইদহের কালীগঞ্জে স্বেচ্ছাসেবী সংগঠন রৌদ্দুর এর পক্ষ থেকে পথ-শিশুদের মাঝে শিক্ষা সামগ্রী, খাবার ও শীতবস্ত্র বিতরণ করা হয়েছে।

মোবারকগঞ্জ রেল স্টেশন প্রাঙ্গণে এই শিক্ষা সামগ্রী ও শীতবস্ত্র বিতরণ করা হয়। প্রায় ৩০ জন পথ-শিশুদের মাঝে এসকল সামগ্রী বিতরণ করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন, ঝিনাইদহ জেলা পরিষদের সদস্য জাহাঙ্গীর হোসেন সোহেল, সংগঠনের উপদেষ্টা বি.এম সাইদুজ্জামান সবুজ, মেহেনাজ হোসাইন সাইমন, ব্লাড ব্যাংক কালীগঞ্জের উপদেষ্টা এ.এস.এম আল মাসুম, রৌদ্দুরের সভাপতি ওয়াসিফ রাব্বি প্রমুখ।

হরিণাকুণ্ডুতে জাতীয় সমাজসেবা দিবস পালিত

ক্ষুধা ও দারিদ্রমুক্ত সমাজ বিনির্মাণে সেবা ও সুযোগ প্রান্তজনে, সমাজসেবার এই প্রতিপাদ্যকে সামনে রেখে হরিণাকুণ্ডুতে জাতীয় সমাজসেবা দিবস পালিত হয়েছে।

গতকাল শনিবার সকালে ঝিনাইদহ সমাজসেবা কার্যালয়ের উদ্যোগে দিবসটি পালন করা হয়। সমাজ সেবায় দেশ গড়ি সামাজিক নিরাপত্তা নিশ্চিত করি এই শ্লোগান কে সামনে রেখে সমাজসেবার ৬৫ বছর উপলক্ষে জাতীয় সমাজসেবা দিবসের র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় হরিণাকুণ্ডু সমাজসেবা কর্মী জুয়েল হোসেনের সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, হরিণাকুণ্ডু উপজেলা নির্বাহী অফিসার সৈয়দা নাফিস সুলতানা।

স্বাগত বক্তব্য দেন, হরিণাকুণ্ডু সমাজসেবা অফিসার মোহাম্মদ হোসেন খান। এছাড়া আরোও বক্তব্য রাখেন, প্রকল্প পরিচালক জামাল হোসেন, উপজেলা ভাইস চেয়ারম্যান রেশমা খাতুন, অধ্যক্ষ শরিফুল ইসলাম, ইউপি চেয়ারম্যান মোহাম্মদ আলী, চেয়ারম্যান মনজুল আলম, প্রেস ক্লাব সভাপতি এম. সাইফুজ্জামন তাজুসহ অন্যান্য অতিথিবৃন্দ। এছাড়া উপস্থিত ছিলেন মসজিদের ইমামগণ, অসহায় শীতার্ত ব্যক্তিবর্গ।

স্বাগত বক্তব্যে উপজেলা সমাজসেবা অফিসার বলেন, হরিণাকুণ্ডু উপজেলাতে মুক্তিযোদ্ধা সম্মানী ভাতাভোগীর সংখ্যা ২০৩ জন, বয়স্ক ভাতাভোগী ৬৫৭৩ জন, বিধবা ৩৫৯২ জন, প্রতিবন্ধী ২৭৮৭ জন, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যা ১২৯জন, হরিজন ৪৮ জন। হরিজন উপবৃত্তি ৩৭ জন, হিজড়া ১ জন, পল্লী সমাজসেবা কার্যক্রমে বিনিয়োগ ৮৩, ৪২৬৮৪ টাকা।

নিবন্ধিত সেচ্ছাসেবী প্রতিষ্ঠানের সংখ্যা ৪৮(সক্রিয় ৪০টি) ক্যাপিটেশন গ্র্যান্ট প্রাপ্ত নিবাসীর সংখ্যা ৪১ জন। এছাড়া সমাজকল্যাণ পরিষদের মাধ্যমে বিভিন্ন হাসপাতালের দুস্থ রোগীদের মাঝে হরিণাকুণ্ডু সমাজসেবা অফিসের কার্যক্রম চালু আছে। এছাড়া

সকাল ১১ টায় মাস্ক ও শীতার্তদের মাঝে কম্বল বিতরণ করা হয়।

সাগান্না ইউনিয়নের বাটিকাডাঙ্গা গ্রামে ঐতিহ্যবাহী লাঠি খেলা অনুষ্ঠিত

ঝিনাইদহ সদরের, সাগান্না ইউনিয়নের বাটিকাডাঙ্গা গ্রামে ঐতিহ্যবাহী লাঠি খেলা অনুষ্ঠিত হয়েছে।

৩ নং সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মুন্সী মোঃ শাহীন রেজা সাঈদ এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ সদর উপজেলা চেয়ারম্যান জনাব মোঃ এ্যাড. আব্দুর রশিদ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সাগান্না ইউনিয়ন চেয়ারম্যান জনাব আলাউদ্দিন আল মামুন, ৩ নং সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি, শেখ মোঃ মোজাম্মেল হোসেন,সহঃ সভাপতি জহর মিয়া,সাংগঠনিক সম্পাদক, নাজমুল হক তুর্পি, ত্রিমোহনী চাউল কল মিল মালিক সমিতির সাধারণ সম্পাদক, মোঃ আকতার হোসেন ভান্ডারী, যুগ্ম সাধারণ সম্পাদক,৫নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক, মোঃ শাহাদাত হোসেন সদা,৪ নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি (ভারপ্রাপ্ত) মোখলেসুর রহমান শিলু।

এছাড়াও উপস্থিত ছিলেন, হাজী আনোয়ার হোসেন, শহিদুল ইসলাম মেম্বার, ফজের আলী মেম্বার, হুসিয়ার রহমান মেম্বার, মিজানুর রহমান মেম্বার, মোঃ ফজলু করিম, আমজাদ হোসেন সরকার,বেদন মিয়া, বাতেন সরকার, সহ অত্র এলাকাবাসী।

অনুষ্ঠানটি পরিচালনা করেন, সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মুন্সী মোঃ শাহীন রেজা সাঈদ।

ব্র্যাকের সহযোগীতায় কবুতর পালন করে সফল ঝিনাইদহের তাহমিনা

ঝিনাইদহ উপ-শহরের মহিষাকুন্ডু কমিউনিটিতে বাস করে তাহমিনা খাতুন। সাংসারিক অবস্থা খুবই খারাপ। দুবেলা খেয়ে পরে বেঁচে থাকতে অনেক রকম চেষ্টা করে। তিনি জানলেন, একদিন জানলাম ব্র্যাক ইউডিপি থেকে স্বল্প সুদে লোন দেওয়া হয়। সে কারণে আমি প্রতিমাসে ব্র্যাকের পিজি মিটিংয়ে যেতে থাকি।

সেখান থেকে লাইভলিহুড সাপোর্টের কথা শুনি এবং তার পর আবেদন করি সিডিও কমিটির কাছে। সিডিও আমার অবস্থা যাচাই বাচাই করে ইউডিপি কে জানাই সিডিও সম্মতি প্রকাশ করে।

এভাবে ব্র্যাকের নিকট থেকে হাফ রিকভারী শর্তে ১০হাজার টাকা সাপোর্ট পাই। তারপর তাহমিনা কিছু কবুতর এবং খাবার কিনে ব্যবসা শুরু করে দেয়। যেটা তার করোনাকালীন বন্ধুরমত কাজ করেছে।

এভাবে কবুতর বিক্রি করে ব্যবসায়ের আরও প্রসার ঘটিয়েছে। কবুতরের পাশাপাশি হাঁসের ব্যবসাও করছে তাহমিনা।

এখন তার আর্থিক অবস্থার অনেক পরিবর্তন এসেছে। টিউবয়েলসহ বাথরুম পাকা করেছেন। তার স্বামী বেকার নিজের কোন ব্যবসায় নেই, স্ত্রীর কাজে সহযোগীতা করে। এভাবে তাহমিনার সংসারে এখন সুখ ফিরে এসেছে।

এই প্রসঙ্গে তাহমিনা বলেন, আমি ব্র্যাকের ইউডিপিকে ধন্যবাদ জানায় আমার ঋণ দেওয়ার জন্য। তাদের এই ক্ষুদ্র সহযোগীতা আমার বেঁচে থাকার অবলম্বন হয়েছে।

ঝিনাইদহের ডাকবাংলা বাজারে আল-আকসা ডায়াগনস্টিক সেন্টারের উদ্বোধন

ঝিনাইদহের ডাক-বাংলা বাজারে আল-আকসা ডায়াগনস্টিক সেন্টারের উদ্বোধন উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার বিকালে আল-আকসা ডায়াগনস্টিক সেন্টারের সামনে এ মাহফিল অনুষ্ঠিত হয়।

বিশিষ্ট সমাজ সেবক প্রবীণ রাজনৈতিক ব্যক্তিত্ব আলহাজ্ব আব্দুল বারী মিয়ার সভাপতিত্বে এবং ডাক-বাংলা বাজার কমিটির সভাপতি আব্দুর রহমানের সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ১নং সাধুহাটী ইউনিয়নের চেয়ারম্যান কাজী নাজির উদ্দীন, প্রধান বক্তা ৩নং সাগান্না ইউনিয়নের চেয়ারম্যান আলহাজ্ব আলাউদ্দীন আল মামুন।

এছাড়া বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন সাগান্না ইউনিয়নের সাবেক চেয়ারম্যান ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মোজাম্মেল হোসেন, ডাক-বাংলা বাজার ও আঃ রউফ ডিগ্রি কলেজের প্রতিষ্ঠাতা সদস্য সাজ্জাদ হোসেন তপন, সাগান্না ই্উনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মুন্সী শাহীন রেজা সাঈদ, আওয়ামী লীগ নেতা বিশিষ্ট ব্যবসায়ী নোয়াব আলী মেম্বর, বিশিষ্ট ব্যবসায়ী আলহাজ্ব আব্দুল মান্নান, আলহাজ্ব ইসরাইল হোসেন প্রমুখ।

আলোচনা শেষে আল-আকসা ডায়াগনস্টিক সেন্টারের উদ্বোধনীতে ব্যবসায়ের সমৃদ্ধি ও সফলতা কামনা করে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

আলোচনায় বক্তারা বলেন, অনেকদিন পরে হলেও ডাক-বাংলা বাজারে একটি আধুনিক মানের ডায়াগনস্টি সেন্টারের কার্যক্রম চালু হতে যাচ্ছে, আমরা আশা করব সঠিক রোগ নির্ণয়ের মাধ্যমে এলাকাবাসীদের সুচিকিৎসা গ্রহণের সুযোগ প্রদান করে দেবে।

বক্তারা আরও বলেন একজন ভাল ডাক্তারের পাশাপাশি এক জন ভাল ট্যাকনিশিয়ান ডায়াগনস্টিক সেন্টারের জন্য বেশী প্রয়োজন। তাই আমাদের প্রত্যাশা ভাল ডাক্তার ও ট্যাকনিশিয়ানদের দ্বারা রোগীদের সঠিক রোগ নির্ণয় ও সঠিক চিকিৎসা গ্রহণে সহায়ক হবে।

কালীগঞ্জে প্রতিষ্ঠা বার্ষিকীতে ছাত্রদলের বর্ণাঢ্য র্যালী

ঝিনাইদহের কালীগঞ্জে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের ৪২তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে কেক কাটা, বর্ণাঢ্য র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার সকাল সাড়ে ৯ টার দিকে শহরের থানা রোডস্থ দলীয় কার্যালয় থেকে একটি বর্ণাঢ্য র্যালী শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে গিয়ে শেষ হয়। এরপর সেখানে প্রতিষ্ঠা বার্ষিকীর কেক কাটা হয়। এরপর সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় কালীগঞ্জ উপজেলা ছাত্রদলের আহবায়ক মারুফ বিল্লাহ’র সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির আহবায়ক আলহাজ্ব মাহবুবার রহমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুগ্ম-আহবায়ক তবিবুর রহমান মিনি।

এছাড়াও অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন জেলা ছাত্রদলের সহ-সভাপতি আহম্মেদ জনি, সহ-সভাপতি হাদিউজ্জামান জুয়েল, উপজেলা ছাত্রদল এর সদস্য সচিব মৌসুম উদ্দিন শোভন, পৌর ছাত্রদলের আহবায়ক জুয়েল রানা, সদস্য সচিব তরিকুল ইসলাম, কলেজ ছাত্রদলের আহবায়ক সাজিদ হাসান জনি, সদস্য সচিব কামরুল ইসলাম, জেলা ছাত্রদলের যুগ্ম-সম্পাদক এরশাদ হোসেন সোনা, সহ-সাংগঠনিক সম্পাদক ইশতিয়াক পারভেজ, বিজ্ঞান ও গবেষণা বিষয়ক সম্পাদক নাহিদ পারভেজ, উপজেলা ছাত্রদলের যুগ্ম-আহবায়ক মোঃ আলাউদ্দিন,

শাহাদৎ হোসেন রিওন, তারেকুর রহমান টিপু, পৌর ছাত্রদলের মুশফিকুর রহমান তানভীর, হাসানুজ্জামান ইবন, আশরাফুল ইসলাম নিরব, সাকিবুল হাসান, শিপন আহমেদ কলেজ ছাত্রদলের সিনিয়র যুগ্ম-আহবায়ক আল আমিন, যুগ্ম-আহবায়ক হারুন-উর রশিদ রাজা, ইফতি জাহান, দিপু পারভেজ, খালেদ সাইফুল্লাহ শাওন, জেলা ছাত্রদলের সদস্য মুন্না মোল্লা,

সদস্য মালেক জিহাদী, উপজেলা ছাত্রদলের সদস্য মনিরুজ্জামান মুন্না, সাব্বির হাসান, চঞ্চল হোসেন, সোহেল রানা, জুয়েল মিয়া, রাজিবুল ইসলাম রাজিব, পৌর ছাত্রদলের সদস্য তারেক মাহমুদ, শাকিবুল হাসান শান্ত, মোস্তফা কামাল, কলেজ ছাত্রদলের সদস্য শাহরিয়ার হাসান সীমান্ত, ফাহিম শাহরিয়ার, খালিদ হাসান রকিসহ ছাত্রদলের প্রায় ৩ শতাধিক নেতাকর্মী।

সাগান্না ইউনিয়নের বাটিকাডাঙ্গা জামে মসজিদের উদ্বোধন

ঝিনাইদহ সদরের, সাগান্না ইউনিয়নের বাটিকাডাঙ্গা উত্তর পাড়া জামে মসজিদের উদ্বোধন করা হয়েছে।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ সদর উপজেলা চেয়ারম্যান জনাব মোঃ এ্যাড. আব্দুর রশিদ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সাগান্না ইউনিয়ন চেয়ারম্যান জনাব আলাউদ্দিন আল মামুন, ৩ নং সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি, শেখ মোঃ মোজাম্মেল হোসেন, সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মুন্সী মোঃ শাহীন রেজা সাঈদ, ত্রিমোহনী চাউল কল মিল মালিক সমিতির সাধারণ সম্পাদক, মোঃ আকতার হোসেন ভান্ডারী, যুগ্ম-সাধারণ সম্পাদক, আরশাদ আলী।

৪ নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক, মোঃ শাহাদাত হোসেন সদা, ৪ নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি (ভারপ্রাপ্ত) মোখলেসুর রহমান শিলু, হাজী আনোয়ার হোসেন, হাজী আঃ মান্নান, কাজী শহিদুল ইসলাম, কাজেম আলী মেম্বর, শহিদুল ইসলাম মেম্বর, ফজের আলী মেম্বর, হুসিয়ার রহমান মেম্বর, মিজানুর রহমান মেম্বর, মোঃ ফজলু করিম, আমজাদ হোসেন সরকার, বেদন মিয়া, বাতেন সরকারসহ অত্র এলাকাবাসী।

মসজিদ নির্মাণের জন্য, ৪ নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক,

শাহাদাৎ হোসেন সদা ০৬ শতাংশ এবং সিরাজ হোসেন মাস্টার ০৭ শতাংশ জমি দান করেছেন।

এছাড়াও অত্র মসজিদের সভাপতি বেদন মিয়া ০২ টন রড দান করেছেন। সাগান্না ইউনিয়ন চেয়ারম্যান, আলাউদ্দিন আল মামুন ১০০ বস্তা সিমেন্ট, বিশিষ্ট ব্যবসায়ী হাজী আঃ মান্নান ৬০ বস্তা সিমেন্ট, সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মুন্সী মোঃ শাহীন রেজা সাঈদ ৫০ বস্তা সিমেন্ট, মোঃ মনির হোসেন ৫০ বস্তা সিমেন্ট, হাজী আনোয়ার হোসেন আনা ৩০ বস্তা সিমেন্টসহ সর্বমোট ৬৪৭ বস্তা সিমেন্ট দেয়ার ঘোষণা করেছেন উপস্থিত জনতা।
এছাড়াও, আঃ রশিদ মহুরী জমি রেজিস্ট্রেশন সংক্রান্ত খরচসহ ১ গাড়ি ইট, আমির হোসেন ভান্ডারী ১গাড়ি ইট, হাজী রজ্জত হোসেন ১ গাড়ি ইট দেয়ার ঘোষণা দিয়েছেন।

উপস্থিত জনতা আজকের আলোচনা সভায় সর্বমোট ২,৪৬৫০০/- টাকা, যার মধ্যে নগদ ৮২,৭০০/- দান করেছেন।

এছাড়াও ঝিনাইদহ ০২ আসনের সংসদ সদস্য তাহজিব আলম সিদ্দিকী (সমি) এম.পি ৩,০০০০০/- তিন লক্ষ টাকা এবং সদর উপজেলা চেয়ারম্যান জনাব মোঃ এ্যাড. আঃ রশিদ উপজেলা পরিষদের বরাদ্দ থেকে ২,০০০০০/- দুই লক্ষ টাকা দেয়ার ঘোষণা দেন।

অনুষ্ঠানটি পরিচালনা করেন, সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মুন্সী মোঃ শাহীন রেজা সাঈদ।

কালীগঞ্জে ক্যারাভান রোড শো উদ্ভোধন

‘জীবন ও স্বাস্থ্য সুরক্ষায় নিরাপদ খাদ্য’ এই স্লোগানে মুজিব বর্ষে কোভিড-১৯ এর স্বাস্থ্যবিধি অনুসরণ করে কালীগঞ্জ উপজেলায় জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক “ক্যারাভান রোড শো” এর আয়োজন করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার সকালে কালীগঞ্জ উপজেলা চত্বর থেকে ‘ক্যারাভান রোড শো’ এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনার এবং ক্যারাভান শো উদ্ভোধন করেন ঝিনাইদহের জেলা প্রশাসক সরোজ কুমার নাথ।

এছাড়াও কালীগঞ্জ উপজেলা পরিষদ চেয়ারম্যান জাহাঙ্গীর সিদ্দিক, কালীগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার সূবর্ণা রাণী সাহা, ভাইস চেয়ারম্যান শিবলী নোমানী, ঝিনাইদহ ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সুচন্দন মন্ডল, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ এর প্রতিনিধিসহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণ এবং অন্যান্য অতিথি ও মিডিয়া কর্মীগণ উপস্থিত ছিলেন।

এসময় উপস্থিত জনসাধারণের মাঝে আনোয়ারুল আজীম আনার ও জেলা প্রশাসক সরোজ কুমার বিনামূল্যে মাস্ক বিতরণ করেন।

ক্যারাভান বাহনটি কালীগঞ্জ উপজেলার বিভিন্ন এলাকায় গিয়ে নিরাপদ খাদ্য সম্পর্কে জনসাধারণকে সচেতন করার লক্ষে প্রামাণ্য চিত্র প্রদর্শন ও লিফলেট বিতরণ করবে।